



**St. Lawrence High School**  
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700019  
**2nd Term: Answer Work Sheet - 25**



**Class: 4**

**Subject: Bengali Grammar (যতি চিহ্ন)**

**Date: 20/6/2020**

১। উপযুক্ত বিরামচিহ্ন বা যতিচিহ্ন বসাতো :-

ক) ভবচন্দ্র আর গবচন্দ্রের বিদ্যাবুদ্ধির পরিচয় লোকপ্রবাদে আছে

উঃ ভবচন্দ্র আর গবচন্দ্রের বিদ্যাবুদ্ধির পরিচয় লোকপ্রবাদে আছে ।

খ) আমার দিদি ভালো সেতার বাজায়

উঃ আমার দিদি ভালো সেতার বাজায় ।

গ) তোমার গল্পটা লেখা শেষ হলো

উঃ তোমার গল্পটা লেখা শেষ হলো ?

ঘ) দাদা বলেছে এবার আমি অবশ্যই পাহাড়ে বেড়াতে যাব

উঃ দাদা বলেছে , 'এবার আমি অবশ্যই পাহাড়ে বেড়াতে যাব' ।

ঙ) সুখ দুঃখ হাসি কান্না নিয়েই আমাদের জীবন

উঃ সুখ , দুঃখ , হাসি , কান্না নিয়েই আমাদের জীবন ।

চ) ছি ছি তুমি এ কী করলে

উঃ ছি ! ছি ! তুমি এ কী করলে !

ছ) সময় পেলে তুমি রবি ঠাকুরের ডাকঘর পড়ে নিও

উঃ সময় পেলে তুমি রবি ঠাকুরের 'ডাকঘর' পড়ে নিও ।

জ) আমি পাখির ডাক শুনতে ভালোবাসি

উঃ আমি পাখির ডাক শুনতে ভালোবাসি ।

বা) ১৪ই নভেম্বর দিনটিকে শিশু দিবস হিসাবে পালন করা হয়

উঃ ১৪ই নভেম্বর দিনটিকে 'শিশু দিবস' হিসাবে পালন করা হয় ।

এঃ) আহা তোমার পায়ে লেগেছে

উঃ আহা ! তোমার পায়ে লেগেছে !

ট) তার উপর দাদু এত রাগী কিছু বলতে গেলেই ভয় লাগে

উঃ তার উপর দাদু এত রাগী ; কিছু বলতে গেলেই ভয় লাগে ।

ঠ) আগামীকাল কি তুমি আমার সঙ্গে যাবে

উঃ আগামীকাল কি তুমি আমার সঙ্গে যাবে ?

ড) তোমার মা বাবা ভাই বোন কেউ নেই

উঃ তোমার মা , বাবা , ভাই , বোন কেউ নেই ?

ঢ) সকাল সন্ধে মন্দিরে ভক্ত সমাগম হয়

উঃ সকাল - সন্ধে মন্দিরে ভক্ত সমাগম হয় ।

ণ) কী মজা আজ আমাদের ছুটি

উঃ কী মজা ! আজ আমাদের ছুটি !

ত) মেয়েটি খুব শান্ত কিন্তু গান গায় খুব সুন্দর

উঃ মেয়েটি খুব শান্ত ; কিন্তু গান গায় খুব সুন্দর ।

থ) ঐ ফলের দোকানে আম কলা লেবু পেয়ারা আঙুর সব কিছু বিক্রি হয়

উঃ ঐ ফলের দোকানে আম , কলা , লেবু , পেয়ারা , আঙুর সব কিছু বিক্রি হয় ।

দ) আমাদের আজ পড়ার বিষয় অঙ্ক ইতিহাস বিজ্ঞান

উঃ আমাদের আজ পড়ার বিষয় : অঙ্ক , ইতিহাস , বিজ্ঞান ।

ধ) তোমাদের বাড়িটা ঠিক কোথায়

উঃ তোমাদের বাড়িটা ঠিক কোথায় ?

ন) বর্ষাকালে প্রকৃতির সৌন্দর্য তুলনাহীন

উঃ) বর্ষাকালে প্রকৃতির সৌন্দর্য তুলনাহীন ।

Manashi Chaudhuri